অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গ্রো-নিউ ইয়র্ক ফুড এন্ড এগ্রিকালচারাল কম্পিটিশন (GROW-NY FOOD AND AGRICULTURAL COMPETITION) এর জন্য আবেদনের সময় শুরু হওয়ার ঘোষণা প্রদান করেন

3 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রতিযোগিতার লক্ষ্য হলো আপস্টেট নিউ ইয়র্কের খাদ্য ও কৃষি শিল্পের রূপান্তর ঘটানো

প্রতিযোগিতাটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Upstate Revitalization Initiatives) - ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward), সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং (CNY Rising) এন্ড সাউদার্ন টায়ার সোরিং (Southern Tier Soaring) - কমিউনিটিকে পুনরুজ্জীবিত করা ও অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য আঞ্চলিক ব্যাপক কৌশলসমূহ, এর মাধ্যমে অর্থায়ন হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ গ্রো-নিউ ইয়র্ক ফুড এন্ড এগ্রিকালচারাল কম্পিটিশনের রাউন্ড ওয়ানের জন্য আবেদনের সময়সীমা শুরু হওয়ার ঘোষণা দিয়েছেন। এই প্রতিযোগিতায় নিউ ইয়র্কের ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং সাউদার্ন টায়ার অঞ্চলে টেকসই খাদ্য ও কৃষি ইনোভেশন ক্লাস্টার গড়ে তোলার উপর গুরুত্ব দেয়া হচ্ছে। তিন রাউন্ড ধরে চলা প্রতিযোগিতাটিতে প্রত্যেক রাউন্ডে খাদ্য ও কৃষি শিল্পের উপর গুরুত্ব প্রদানকারী উদ্ভাবনী হাই-গ্রোথ স্টার্ট-আপগুলোকে মোট 3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হবে। 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ পুরস্কার, দুটি 500,000 মার্কিন ডলারের পুরস্কার এবং চারটি 250,000 মার্কিন ডলারের পুরস্কার জেতার উদ্দেশ্যে সারা বিশ্বের স্টার্ট-আপগুলোর জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত রয়েছে।

"নিউ ইয়র্কের কৃষি শিল্প বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ এবং গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা এই শিল্পের প্রতি গুরুত্ব প্রদানকারী উদ্ভাবনী স্টার্ট-আপগুলোকে আপস্টেট নিউ ইয়র্কে শেকড় স্থাপন করতে আকৃষ্ট করবে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের স্টেটের খাদ্য ও কৃষি শিল্পের রূপান্তর ঘটানোর নতুন উপায় সন্ধানের উদ্দেশ্যে নতুন কোম্পানিগুলোকে নিয়ে আসার মাধ্যমে আমরা এই আঞ্চলিক অর্থনীতির প্রতি প্রয়োজনীয় সমর্থন প্রদান এবং স্টেটজুড়ে এই গুরুত্বপূর্ণ শিল্পের সমৃদ্ধি লালন অব্যাহত রেখেছি।"

"নিউ ইয়র্ক বিশ্বের শ্রেষ্ঠ খাদ্য পণ্য উৎপাদনস্থলের মধ্যে অন্যতম এবং কৃষি শিল্প আমাদের আপস্টেট অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "কৃষি খাতে আমাদের বিনিয়োগ অব্যাহত রাখতে গিয়ে আমরা গ্রো নিউ ইয়র্ক প্রতিযোগিতার আয়োজন করেছি যাতে আমরা এ শিল্পের স্টার্ট-আপগুলোকে সহায়তা ও অনুদান প্রদান

করতে পারি। উদ্ভাবনী আইডিয়া লালন, কর্মক্ষেত্র বৃদ্ধি এবং আমাদের ফার্ম ও কৃষিপণ্যসমূহের প্রচার করার বিষয়ে আমরা প্রতিশ্রুতিবদ্ধ যা আমাদের অর্থনীতিকে আরো শক্তিশালী করবে।"

মূলত এ বছর গভর্নরের স্টেটের ঠিকানায় ঘোষণা করা গ্রো-নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ 43নর্থ (43North), জিনিয়াস নিউ ইয়র্ক (Genius NY), লুমিনেট নিউ ইয়র্ক (Luminate NY) এবং 76ওয়েস্ট (76West) এর মতো অন্যান্য স্টেট সমর্থিত প্রতিযোগিতার সাফল্যের কথা বিবেচনায় রেখে আয়োজিত হয়েছে। গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতার জন্য অর্থায়ন করা হবে তিনটি অঞ্চলের সাথে সংযুক্ত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ এর মাধ্যমে - ফিঙ্গার লেকস ফরোয়ার্ড, সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং এবং সাউদার্ন টায়ার সোরিং। গ্রো-নিউ ইয়র্ক সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

করনেল বিশ্ববিদ্যালয় (Cornell University) টম্পকিনস কাউন্টির ইথাকা ক্যাম্পাসে অবস্থিত সেন্টার ফর রিজিওনাল ইকোনমিক অ্যাডভান্সমেন্ট (Center for Regional Economic Advancement) এবং জেনেভা শহরের করনেল এগ্রিটেক (Cornell AgriTech) ক্যাম্পাসের মাধ্যমে প্রতিযোগিতাটি পরিচালনা করবে। বিজয়ীদের অন্তত এক বছরের জন্য ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক অথবা সাউদার্ন টায়ার অঞ্চলে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে এবং একটি ইকুইটি শেয়ার প্রোগ্রামে অংশ নেয়ার বিষয়ে সম্মত হতে হবে যেখানে তাদের লভ্যাংশের কিছু অংশ প্রোগ্রামের জন্য ব্যয় করা হবে। পুরস্কারের অর্থ ছাড়াও প্রতিযোগিতা থেকে বিপণন, ইভেন্ট ও একটি মেন্টরিং প্রোগ্রাম যা ফাইনালিস্টদের তিনটি অঞ্চলে নিয়ে যাবে তা সহ সকল কার্যক্রম, প্রচার ও বাস্তবায়ন ব্যয় বহন করা হবে, তাদের ডেভেলপমেন্ট কাজে সহায়তা করা হবে এবং কৃষি ও খাদ্য ইনোভেশন কমিউনিটির সাথে তাদের সম্পর্ক বজায় রাখায় সহায়তা করা হবে।

গ্রো-নিউ ইয়র্ক এর জন্য আবেদন 2019 সালের 15 জুলাই পর্যন্ত গ্রহণ করা হবে। সেই আবেদনগুলো থেকে 20 জন পর্যন্ত সেমি-ফাইনালিস্ট বাছাই করা হবে এবং তারা আগস্ট থেকে নভেম্বর পর্যন্ত একটি মেন্টরিং ও বিজনেস ডেভেলপমেন্ট ধাপের মধ্য দিয়ে অতিক্রম করবে। তারা জোসেফ এ. ফ্লোরিয়ানো রোচেস্টার রিভারসাইড কনভেনশন সেন্টারে (Joseph A. Floreano Rochester Riverside Convention Center) নভেম্বরের 12 ও 13 তারিখ অনুষ্ঠিত হতে যাওয়া গ্রো-নিউ ইয়র্ক ফুড এন্ড এগ্রিকালচার সামিট (Grow-NY Food and Agriculture Summit) নামক এক পাবলিক সিম্পোজিয়াম ও ট্রেডশোতে শিল্পক্ষেত্রের বিচারকদের একটি প্যানেলের সামনে তাদের ব্যবসাগুলোকে উপস্থাপন করবেন। এই উপস্থাপনা এবং ব্যবসায়িক পরিকল্পনাসমূহের ভিত্তিতে বিচারকগণ সাতজন বিজয়ী ঘোষণা করবেন যারা নিম্নোক্ত পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে পুরস্কারের অর্থ পাবেন:

- **বাণিজ্যিকীকরণ ও ব্যবসায়িক মডেলের বাস্তবোপযোগিতা:** মুনাফা অর্জন এবং দক্ষ ও টেকসই ব্যবসার সুযোগ করে দেয়, প্রযুক্তিগত উপযোগিতা প্রদর্শন করে অথবা প্রস্তাবিত ভ্যালু পূরণের উদ্দেশ্যে উদ্ভাবনী পন্থা অবলম্বন করে এমন কস্ট স্ট্রাকচার বজায় রাখায় প্রতিযোগীর সক্ষমতা;
- **কাস্টমার ভ্যালু:** প্রতিযোগী কী পরিমাণে এমন কিছু প্রদান করছেন যার জন্য গ্রাহক অর্থ পরিশোধ করতে ইচ্ছুক এবং বাস্তব বাজার অবস্থা মোকাবেলা করছেন;

- **খাদ্য ও কৃষি বিষয়ক উদ্ভাবন:** খাদ্য ও কৃষি শিল্পে সর্বাধুনিক বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রতিযোগী কতটা উদ্ভাবনী ক্ষমতার পরিচয় দিতে পারেন এবং এই বাজারগুলোতে এক বৈশ্বিক নেতৃত্ব হিসেবে আপস্টেট নিউ ইয়র্কের অবস্থান বজায় রাখায় অবদান রাখবে;
- **আঞ্চলিক কর্মসংস্থান সৃষ্টি:** গ্রো-নিউ ইয়র্ক এর আওতায় উচ্চ-মানের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা; এবং
- **দল:** দলের মান ও সম্পূর্ণতা এবং ফলাফল প্রদানে তৎপরতা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "গ্রো-নিউ ইয়র্ক উদ্যোক্তা বান্ধব ইকোসিস্টেম গড়ে তোলে এমন ব্যবসায়িক প্রতিযোগিতার প্রতি নিউ ইয়র্ক স্টেটের সমর্থন অব্যাহত রাখছে এবং এখন সেটি ফিঙ্গার লেকস, সেন্ট্রাল ও সাউদার্ন টায়ার অঞ্চলের সমৃদ্ধ ফার্মিং ও কৃষি অঞ্চলে শিল্প প্রযুক্তি ও স্টার্ট-আপ ইনোভেশনের পাশাপাশি উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব বয়ে আনবে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের স্টেটের বিশ্বমানের কৃষি ও খাদ্য শিল্পে এই বিনিয়োগের জন্য আমরা কৃতজ্ঞ এবং আমরা ফলাফলস্বরুপ উদ্ভাবনসমূহ দেখতে আগ্রহী। এই উদ্যোগ আমাদের আপস্টেট অর্থনীতিকে চাঙ্গা করতে সাহায্য করবে এবং এই কথা ছড়িয়ে পড়বে যে নিউ ইয়র্ক স্টেট দেশের শ্রেষ্ঠ, সর্বাধিক তাজা ও পুষ্টিকর খাদ্য উৎপাদন করছে।"

করনেলস সেন্টার ফর রিজিওনাল ইকোনমিক অ্যাডভান্সমেন্ট এর নির্বাহী পরিচালক টম শ্রাইভার বলেন, "স্টার্ট-আপ বেড়ে উঠায় সাহায্য এবং খাদ্য ও কৃষি খাতে যুগান্তকারী উদ্ভাবন এগিয়ে নেয়ার ব্যাপারে করনেল অত্যন্ত উৎসাহী। নিউ ইয়র্কের ফিঙ্গার লেকস, সেন্ট্রাল ও সাউদার্ন টায়ার অঞ্চলের পাশে থেকে কাজ করতে পারা এক সম্মানের বিষয় কারণ তারা সফল, নেতৃস্থানীয় খাদ্য ও কৃষি কোম্পানিসমূহের ঠিকানা হিসেবে বিশ্বব্যাপী সুনাম প্রতিষ্ঠায় তাদের অনেক সামর্থ ব্যয় করে।"

ফিঙ্গার লেকস রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট (Finger Lakes Regional Economic Development) এর সহ-সভাপতি মনরো কমিউনিটি কলেজের (Monroe Community College) প্রেসিডেন্ট, ড. অ্যান ক্রিস এবং গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "আমরা এই প্রতিযোগিতায় সমর্থন করতে পেরে গর্বিত যেটি স্টেটের কৃষি ও খাদ্য শিল্পের সমৃদ্ধির উপর গুরুত্ব প্রদান করে থাকে। গভর্নর কুওমোর গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতায় রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Regional Economic Development Council, REDC) এর বিনিয়োগ স্থানীয় শিল্প অংশীদারদের এই উদ্যোক্তাদের সর্বাধুনিক আইডিয়ার সাথে সংযুক্ত করবে এবং সমৃদ্ধ আঞ্চলিক অর্থনীতি গড়ে তুলতে কাজ করা ফিঙ্গার লেকস আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভে গৃহীত মাল্টি-প্রংড প্রচেষ্টায় অধিকতর সহায়তা প্রদান করবে।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Central New York Regional Economic Development Council) সভাপতি র‍্যান্ডি ওয়াকেন, ম্যানুফেকচারারস অ্যাসোসিয়েশন অব সেন্ট্রাল নিউ ইয়র্ক (Manufacturers Association of Central New York) এর

প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ডেবোরাহ স্ট্যানলি, ওসওয়েগোর স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) এর প্রেসিডেন্ট বলেন, "নিউ ইয়র্ক স্টেটে কৃষি ও খাদ্য শিল্পে অভূতপূর্ব সমৃদ্ধি অব্যাহত রয়েছে। গভর্নরের গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা আমাদের কমিউনিটিতে আরেকটি রোমাঞ্চকর বিনিয়োগ যা আঞ্চলিক কর্ম সংস্থান বৃদ্ধিকে অধিকতর প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে এবং অঞ্চলটি যেন সমৃদ্ধ হতে থাকে তা নিশ্চিত করার স্বার্থে সেন্ট্রাল নিউ ইয়র্কজুড়ে আমাদের কৃষি ভিত্তিকে সহায়তা করবে।"

সাউদার্ন টায়ার রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) সহ-সভাপতি হার্ভে স্টেঙ্গার, বিংহ্যামটন বিশ্ববিদ্যালয়ের (Binghamton University) প্রেসিডেন্ট এবং জুডি ম্যাককনি চেরি, শাউলার কাউন্টি পার্টনারশিপ ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (Schuyler County Partnership for Economic Development) এর নির্বাহী পরিচালক বলেন, "নিউ ইয়র্কের কৃষি শিল্প দেশের অন্যতম মর্যাদাপূর্ণ শিল্পের মধ্যে অন্যতম এবং এই উদ্যোগের মাধ্যমে হওয়া বিনিয়োগ আমাদের অঞ্চলের অব্যাহত অর্থনৈতিক সাফল্যের প্রদান কারণ। গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা উদ্ভাবনী ও প্রতিযোগিতামূলক ব্যবসার সক্ষমতা দেয় এবং সাউদার্ন টায়ারকে শীর্ষে নিয়ে যেতে সাহায্য করার মাধ্যমে আঞ্চলিক অর্থনীতির উন্নতি সাধনের প্রচেষ্টায় অধিকতর প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড"এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এই অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত নির্মাণ কার্যের মতো মূল শিল্পগুলি এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের সাহায্যে এখন ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে যা প্রদান করা হয়েছে আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে, যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015 এ ঘোষণা করেছেন। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200-টিরও নতুন বেশি কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে স্টেটটি ইতোমধ্যেই 5.6 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা পরিকল্পনাটির মূল ভিত্তি স্থাপন করে - বিশ্ব বাজারের সুযোগগুলি পুঁজি করে, উদ্যোক্তা শক্তিশালীকরণ করে এবং বৃহৎ আকারের অর্থনীতি

তৈরি করে। আজ বৃহত্তর মন্দার আগে বেকারত্ব সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর নিচে আছে এবং ব্যবসাগুলি হ্রাস এবং বিনিয়োগের জন্য একটি গন্তব্য হিসেবে সেরাকিউজ, ওসঅয়েগ এবং ওবার্নের মতো জায়গা নির্বাচন করা হয়।

এখন, ডিসেম্বর 2015 সালে গভর্নর কুওমো ঘোষিত আপস্টেট রিভিটালাইজেশন ইনিশিয়েটিভ (Upstate Revitalization Initiative)-এর মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে কেন্দ্রটি সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900-টিরও নতুন বেশি কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

সাউদার্ন টিয়ার সোরিংকে দ্রুতগতি করা

আজকের ঘোষণা "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক যা এই এলাকায় সর্বাঙ্গীণ অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। এই পরিকল্পনার মূল স্থাপন, প্রতিভাশালী কর্মশক্তি আকর্ষণ, ব্যবসা উন্নতি এবং নতুনত্বে উন্নতি করার জন্য জন্য 2012 সাল থেকে অঞ্চলে 6.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ডলার বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্বের হার সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসাসমূহ উন্নতি ও বিনিয়োগ করার জন্য বারমিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা বাছাই করছে। এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রেভিটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200-টিরও নতুন বেশি কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন